



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd

E-mail : dinajpureducationboard@gmail.com

স্মারক নং : মাউশিবোদি/পনি/এসএসসি পরী:-২০২৬/৬০(১০)

তারিখ : ২৯/০৩/২০২৬ খ্রি.

বিষয় : ২০২৬ সালের এসএসসি পরীক্ষার উপকরণাদি বিতরণ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, দিনাজপুর শিক্ষা বোর্ডের অধীনে ২০২৬ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা আগামী ২১ এপ্রিল'২০২৬ হতে শুরু হবে। কেন্দ্রের পরীক্ষার্থীদের অলিখিত মূল উত্তরপত্রসহ অন্যান্য আনুষঙ্গিক গোপনীয় কাগজপত্র ও উপকরণাদি অপর পৃষ্ঠায় বর্ণিত তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময় অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষার উপকরণাদি বিতরণ ও জমা গ্রহণ শাখা হতে সরবরাহ করা হবে। এ কারণে এসএসসি পরীক্ষা কেন্দ্রের সচিবকে ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে অথবা তাঁর মনোনীত নিজ প্রতিষ্ঠানের একজন শিক্ষক প্রতিনিধির মাধ্যমে সংশ্লিষ্ট শাখা হতে উপকরণাদি গ্রহণের জন্য অনুরোধ করা হলো। কেন্দ্র সচিব, ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হলে উপকরণ গ্রহণের জন্য সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়ন পত্র সঙ্গে নিয়ে আসতে হবে। ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের প্রতিনিধি প্রেরণের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসার-এর নিকট হতে গৃহীত সংশ্লিষ্ট প্রতিনিধির নমুনা স্বাক্ষর সত্যায়িতসহ প্রত্যয়নপত্র গ্রহণপূর্বক সঙ্গে আনতে হবে।

- ০১। তাঁর কেন্দ্রের জন্য বরাদ্দকৃত উপকরণাদি অত্র শিক্ষা বোর্ড হতে কেন্দ্র পর্যন্ত নিরাপদে পরিবহণের ব্যবস্থা তাঁকে নিজ দায়িত্বে করতে হবে এবং এ কাজের জন্য প্রয়োজনীয় ব্যয় পরীক্ষা কেন্দ্রের তহবিল হতে বহন করতে হবে।
- ০২। কেন্দ্রে পৌঁছার পরই প্রাপ্ত উপকরণাদি তালিকার সঙ্গে মিলিয়ে দেখতে হবে। কোনরূপ গরমিল পরিলক্ষিত হলে অথবা না হলেও তার প্রকৃত সংখ্যা (ভাল/নষ্ট, কম/বেশী) বর্ণনা দিয়ে সরবরাহকৃত ফরমে লিখিতভাবে ৫ (পাঁচ) কার্য দিবসের মধ্যে উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে অবহিত করতে হবে এবং উক্ত রিপোর্টের ০১ (এক) কপি অর্থাৎ রিসিভ্ড কপি পরীক্ষা শেষে চূড়ান্ত হিসাব-নিকাশ জমাদানের সময় অবশ্যই দাখিল করতে হবে।
- ০৩। Website- www.dinajpureducationboard.gov.bd-এ প্রকাশিত সময়সূচি অনুযায়ী পরীক্ষা শেষে উদ্বৃত্ত ও বিনষ্ট মালামাল, অব্যবহৃত প্রশ্নপত্র, ট্রাংক, তালা, অলিখিত/অব্যবহৃত মূল উত্তরপত্র, অতিরিক্ত উত্তরপত্র, খালি বস্তাসহ সকল সরবরাহকৃত উপকরণাদি অবশ্যই অত্র শিক্ষা বোর্ডের পরীক্ষার উপকরণাদি শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট বুঝে দিতে হবে। উক্ত সময়ে উপকরণ জমাদানে ব্যর্থ হলে এবং মালামাল/উপকরণাদির কোনরূপ ক্ষয়ক্ষতি হলে তাঁকে এককভাবে দায়ী করে ক্ষতি পূরণ আদায় করা হবে। উদ্বৃত্ত উপকরণাদি কোন ক্রমেই পরীক্ষা নিয়ন্ত্রকের নামে/ঠিকানায় (কুরিয়ার/ ডাকযোগে) পাঠানো যাবে না।
- ০৪। অলিখিত মূল উত্তরপত্র/অতিরিক্ত উত্তরপত্র ব্যবহারের পূর্বে অযথা কেন্দ্রের সীল/স্বাক্ষর ব্যবহার করে কোন অবস্থাতেই নষ্ট করা যাবে না, এরূপ করলে প্রতিটি উত্তরপত্রের জন্য ২০/- (বিশ) টাকা হারে জরিমানা সোনালী সেবার মাধ্যমে ক্ষতিপূরণ পরিশোধ করতে হবে। পরীক্ষা চলাকালীন সময় ভুলক্রমে কোন উত্তরপত্র বাতিল হলে, উপযুক্ত কারণ দর্শিয়ে কেন্দ্র সচিবের সীল ও স্বাক্ষর করে ফেরৎ দিতে হবে। কোন উত্তরপত্রের পিন/সেলাই খোলা থাকলে, কোন ক্রমেই অন্য স্ট্যাপলার পিন/সেলাই করে ব্যবহার করা যাবে না। ক্রটিপূর্ণ উত্তরপত্রসমূহ ব্যবহার না করে ঐ অবস্থায় ফেরত দিতে হবে।


০৫। বস্তা ও উদ্বৃত্ত প্রশ্নপত্র ফেরৎ দিতে ব্যর্থ হলে ক্রমিক নং ০৪ এর ন্যায় ক্ষতিপূরণ দিতে কেন্দ্র সচিব বাধ্য থাকবেন।

জেলা ভিত্তিক কেন্দ্রওয়ারী উপকরণাদি বিতরণের তারিখ ও সময় নিম্নরূপ :-

ক্রঃ নং	জেলার নাম	বিতরণের তারিখ	বিতরণের স্থান	সময়
০১.	গাইবান্ধা	০৬/০৪/২০২৬	শিক্ষা বোর্ডের গোডাউন	সকাল : ৯:০০ টা
০২.	লালমনিরহাট			
০৩.	রংপুর	০৭/০৪/২০২৬		
০৪.	নীলফামারী	০৮/০৪/২০২৬		
০৫.	কুড়িগ্রাম			
০৬.	ঠাকুরগাঁও	০৯/০৪/২০২৬		
০৭.	পঞ্চগড়			
০৮.	দিনাজপুর	১১/০৪/২০২৬		

পরীক্ষা কেন্দ্রের উদ্বৃত্ত উপকরণ ও মালামাল শিক্ষা বোর্ডে ফেরত প্রদানের তারিখ ও সময় যথাসময়ে দিনাজপুর শিক্ষা বোর্ডের ওয়েবসাইট-এ প্রকাশ করা হবে এবং কেন্দ্র সচিবকে তাঁর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে অবহিত করা হবে।

কেন্দ্র সচিব ও প্রধান শিক্ষক
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন
সকল এসএসসি পরীক্ষা কেন্দ্র- ২০২৬।


প্রফেসর মোঃ আমিনুল হক
পরীক্ষা নিয়ন্ত্রক (অঃদাঃ)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ- (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
- ০২। ডিআইজি, রংপুর বিভাগ, রংপুর।
- ০৩। জেলা প্রশাসক, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০৪। দিনাজপুর শিক্ষা বোর্ডের সকল কর্মকর্তা।
- ০৫। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৭। জেলা শিক্ষা অফিসার, রংপুর/গাইবান্ধা/নীলফামারী/কুড়িগ্রাম/লালমনিরহাট/দিনাজপুর/ঠাকুরগাঁও/পঞ্চগড়।
- ০৮। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, দিনাজপুর শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
- ০৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, দিনাজপুর শিক্ষা বোর্ড।
- ১০। অফিস নথি।

(বিঃদ্রঃ- পরীক্ষার উপকরণ সংক্রান্ত যে কোন সমস্যায় যোগাযোগ করুন :
(অডিটর জনাব মোঃ সাহেদ ইকবাল, মোবাইল নংঃ ০১৭৬২-৮৯৩৭৩৭)